**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**শিক্ষা মন্ত্রণালয়**
**কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ**
**অডিট শাখা-০২**
www.tmed.gov.bd

স্মারক নং -৫৭.০০.০০০০.১৪২.১৬.০৪০.২২-**১৩৩**

তারিখঃ ১২ শ্রাবণ, ১৪২৯ বঙ্গাব্দ
২৭ জুলাই, ২০২২ খ্রিস্টাব্দ

**বিষয়ঃ পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা কর্তৃক গত ২৫ নভেম্বর, ২০১৮ খ্রি. তারিখে সম্পন্ন হওয়া 'কিশোরগঞ্জ জেলার হোসেনপুর উপজেলাধীন আহমাদু জুবায়দা ইসলামিয়া দাখিল' মাদ্রাসার পরিদর্শন প্রতিবেদনের উপর অনুসরণীয় নির্দেশনা।**

সূত্র: (১) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০১০.৩৮.০০৩.২২-১৭৮৮; তারিখ: ২৯.০৬.২০২২ খ্রি.
(২) পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরের স্মারক নং-ডিআইএ/কিশোরগঞ্জ/১৪০৪-এম/ঢাকা/১৮০২/৪; তারিখ: ০৮.০১.২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে সূত্রোস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, **কিশোরগঞ্জ জেলার হোসেনপুর উপজেলাধীন আহমাদু জুবায়দা ইসলামিয়া দাখিল** মাদ্রাসাটি পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা কর্তৃক গত ২৫.১১.২০১৮ খ্রি. তারিখে পরিদর্শন ও নিরীক্ষা হয়। পরিদর্শন ও নিরীক্ষা প্রতিবেদনে উত্থাপিত আপত্তিসমূহের প্রেক্ষিতে ব্রডশিটে সুপারের জবাব ও জেলা শিক্ষা অফিসারের মতামতের উপর মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর মন্তব্য পাওয়া গেছে। প্রাপ্ত ব্রডশীট জবাব পর্যালোচনা করে টিএমইডি'র নির্দেশনা নিম্নে উপস্থাপন করা হলো:

| বিএসআর ক্রমিক নং | ব্রডশিট জবাবের আলোকে উক্ত বিষয়ে টিএমইডি'র নির্দেশনা/মন্তব্য | মন্তব্য |
|---|---|---|
| ১(ঘ) | ব্যবস্থাপনা কমিটি সংক্রান্ত তথ্য: ব্যবস্থাপনা কমিটির মেয়াদ ইতোমধ্যে শেষ হয়েছে (০৫.০৬.২০২০ খ্রি. তারিখে)। পরবর্তী নিয়মিত ব্যবস্থাপনা কমিটি গঠন করা করা হয়েছে কিনা? তার প্রমাণক প্রেরণের জন্য সুপারকে নির্দেশনা প্রদান করা হলো। | নির্দেশনা বাস্তবায়ন করে পুনরায় বিএসআর প্রেরণের জন্য অনুরোধ করা হলো। |
| ১(চ) | স্টক টেকিং সংক্রান্ত তথ্য: স্টক টেকিং চালু নেই। প্রতি বছর প্রতিষ্ঠানের স্থাবর/অস্থাবর সম্পত্তির স্টক টেকিং ব্যবস্থা চালু রাখতে এবং স্টক টেকিং প্রতিবেদন ব্যবস্থাপনা কমিটি অনুমোদনপূর্বক স্টক রেজিস্টার সংরক্ষণের জন্য সুপারকে নির্দেশনা প্রদান করা হলো। | ঐ |
| ১(ছ) | রেজিস্টার: ফাইল রেজিস্টার, চাঁদা আদায়ের রশিদ বহির রেজিস্টার, ডিমান্ড ও রিসিপ্ট রেজিষ্ট্রার, সাবসিডিয়ারি রেজিষ্ট্রারসহ ব্যবহৃত রেজিস্টারসমূহ যথাযথ ব্যবহার করার জন্য সুপারকে নির্দেশনা প্রদান করা হলো। | ঐ |
| ১(ট) | স্টাফিং প্যাটার্ন সংক্রান্ত তথ্য ও মন্তব্য: ২৪-১০-১৯৯৫ ও ০৪-০২-২০১০ তারিখের নীতিমালায় দাখিল মাদরাসায় জুনিয়র শিক্ষকের পদ নেই। প্রতিষ্ঠানটিতে জুনিয়র শিক্ষক জনাব শফিকুল ইসলাম (ইনডেক্স-০৫২৮১১) ২০-১১-১৯৮৪ তারিখ হতে কর্মরত আছেন। ২৪-১০-১৯৯৫ তারিখের নীতিমালা মোতাবেক তিনি উদ্বৃত্ত হিসেবে সরকারি বেতন ভাতা পেতে থাকবেন। উদ্বৃত্ত শিক্ষকের পদ শূন্য হলে তদস্থলে কোন জুনিয়র শিক্ষক নিয়োগ দেয়া যাবে না। | নির্দেশনা অনুসরণের জন্য বলা যেতে পারে। |
| ২(ক) | অবকাঠামোগত মন্তব্য ও সুপারিশ:<br>জমি সংক্রান্ত তথ্য ও মন্তব্য: প্রতিষ্ঠানটির জমির পরিমাণ ০.৯৮ একর। মোট জমির মধ্যে ০.৫০ এক জমি প্রতিষ্ঠানের নামে খারিজ করা হয়েছে। সমুদয় জমি খারিজ করতে হবে। প্রতিষ্ঠানের কাম্য জমি আছে। জমির খাজনা হালসন নাগাদ পরিশোধ করে দাখিলা সংরক্ষণ করার জন্য সুপারকে নির্দেশনা প্রদান করা হলো। | নির্দেশনা বাস্তবায়ন করে পুনরায় বিএসআর প্রেরণের জন্য অনুরোধ করা হলো। |
| ২(খ) | গৃহ,কক্ষ ও স্যানিটেশন সংক্রান্ত তথ্য ও মন্তব্য: প্রতিষ্ঠানটিতে ০৫টি আধাপাকা গৃহ রয়েছে। মোট কক্ষের সংখ্যা ১৭টি। প্রতিষ্ঠানটিতে ০৬টি শৌচাগার আছে। সরকারি বা বেসরকারি অর্থে আধাপাকা গৃহপাকা গৃহগুলো পর্যায়ক্রমে পাকা করার উদ্যোগ গ্রহণ করা যেতে পারে। | নির্দেশনা বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো। |
| ২(গ) | আসবাবপত্রসংক্রান্ত: বর্তমানে প্রতিষ্ঠানে ন্যূনতম প্রয়োজনীয় আসবাবপত্র রয়েছে। শিক্ষক, কর্মচারী ও শিক্ষার্থীর সংখ্যা অনুযায়ী প্রতি বছর স্টক টেকিং কমিটির প্রতিবেদনের ভিত্তিতে আধুনিক আসবাবপত্রের ব্যবস্থা করতে হবে। | ঐ |

| বিএসআর ক্রমিক নং | ব্রডশিট জবাবের আলোকে উক্ত বিষয়ে টিএমইডি'র নির্দেশনা/মন্তব্য | মন্তব্য |
|---|---|---|
| ৩(ক) | একাডেমিক মন্তব্য ও সুপারিশ: শিক্ষার্থী সংখ্যা ও মন্তব্য: বর্তমান শিক্ষাবর্ষে উক্ত প্রতিষ্ঠানের শিক্ষার্থী সংখ্যা ৪৩০ জন। পরিদর্শনের তারিখে মোট ৩৩৬ জন শিক্ষার্থী উপস্থিত ছিল। ০৪.০২.২০১০ তারিখের জারীকৃত জনবলকাঠামো ২৪.০৩.২০১৩ খ্রি. তারিখ পর্যন্ত সংশোধিত নীতিমালা মোতাবেক প্রতিষ্ঠানটিতে সার্বিকভাবে কাম্য শিক্ষার্থী আছে। শ্রেণি কক্ষে উপস্থিতি শতভাগ নিশ্চিত করার লক্ষ্যে সকল শিক্ষককে প্রচেষ্টা চালাতে হবে। | নির্দেশনা বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো। |
| ৩(খ) | ঝরে পড়ার কারণ চিহ্নিত করে ঝরে পড়ার হার কমিয়ে আনার জন্য নির্দেশনাপূর্বক গৃহীত ব্যবস্থার প্রমাণক টিএমইডিতে প্রেরণ করার সুপারকে নির্দেশনা দেয়া যেতে পারে। | ঐ |
| ৩(গ) | একাডেমিক সংক্রান্ত তথ্য ও মন্তব্য: শ্রেণিকক্ষে শিক্ষকদের পাঠদান পর্যবেক্ষণ করা হয়। একাডেমিক উন্নয়নের জন্য নিম্নবর্ণিত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করার জন্য সুপারকে নির্দেশপূর্বক বিষয়টি নিশ্চিত করার জন্য ব্যবস্থাপনা কমিটির সকল সদস্যকে অনুরোধ করা যেতে পারে।<br>১. শ্রেণি কক্ষে শিক্ষকদের পাঠদান প্রতিষ্ঠান প্রধানকে নিয়মিত পর্যবেক্ষণ করতে হব। (২) প্রতি বছরের প্রথমে বার্ষিক পাঠ পরিকল্পনা প্রণয়ন করে প্রত্যেক শিক্ষার্থীকে সরবরাহ করতে হবে এবং তদানুযায়ী শ্রেণি কক্ষে পাঠদান করতে হবে। নির্ধরিত সময়ের মধ্যে পাঠ পরিকল্পনা সমাপ্ত করতে হবে। (৩) শ্রেণির অপেক্ষাকৃত দূর্বল ও অমনোযোগী শিক্ষার্থী চিহ্নিত করে তাদের বিশেষ পাঠদানের ব্যবস্থা করতে হবে। (৪) প্রতি মাসে শিক্ষক সভা করতে হবে। লেখাপড়ার মান উন্নয়ন করার লক্ষ্যে শিক্ষক সভায় কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে এবং তা ব্যবস্থাপনা কমিটির সভায় পেশ করে বাস্তবায়ন করতে হবে। (৫) বিষয়কভিত্তিক শিক্ষক কর্তৃক প্রণিত প্রশ্ন পত্রের মাধ্যমে প্রতিষ্ঠানের অভ্যন্তরীন পরীক্ষা নিতে হবে। কোন মতেই ক্রয় করা প্রশ্ন পত্রের মাধ্যমে অভ্যন্তরীন পরীক্ষা নেওয়া যাবে না। | নির্দেশনা বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো। |
| ৩(ঘ)১ | পরীক্ষা সংক্রান্ত তথ্য ও মন্তব্য:<br>অভ্যন্তরীন পরীক্ষা ফলাফল: অভ্যন্তরীণ পরীক্ষার ফলাফল গুণগত মানোন্নয়নের প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য সুপারকে নির্দেশ দেয়া যেতে পারে। এ বিষয়ে গৃহীত ব্যবস্থার প্রমাণক টিএমইডিতে প্রেরণ করার সুপারকে নির্দেশনা প্রদান করা হলো। | নির্দেশনা বাস্তবায়নপূর্বক প্রমাণক প্রেরণের জন্য অনুরোধ করা হলো। |
| ৩(ঘ)২ | পাবলিক পরীক্ষা: বোর্ড পরীক্ষার ফলাফলের গুণগত ও সংখ্যাগত মান উন্নত করার প্রচেষ্টা অব্যাহত রাখার জন্য নির্দেশ দেয়া যেতে পারে। | ঐ |
| ৩(ঘ)৩ | জেডিসি পরীক্ষা: জেডিসি পরীক্ষায় ২০১৬ সনে ৫১ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে ৫১ জন, ২০১৭ সনে ৫২ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করে ৩৬ জন উন্নীত হয়। জেডিসি পরীক্ষার ফলাফলের মান উন্নত করার প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। | ঐ |
| ৩(ঘ)৪ | জুনিয়র বৃত্তি পরীক্ষা: গত ২০১৫ সালে ০১ জন, ২০১৭ সনে ০৩ জন পরীক্ষার্থী জুনিয়র বৃত্তি লাভ করে। প্রতি বছর অধিক সংখ্যক পরীক্ষার্থী জুনিয়র বৃত্তি প্রাপ্তির লক্ষ্যে জেডিসি পরীক্ষার্থীদেরকে বিশেষ পাঠদানের ব্যবস্থা করতে হবে। | ঐ |
| ৩(ঙ) | পাঠদান সংক্রান্ত তথ্য ও মন্তব্য: পৃথক পাঠাগার আছে। ইস্যু রেজিস্টারের মাধ্যমে শিক্ষক ও শিক্ষার্থীদের মাঝে নিয়মিত পুস্তক বিতরণ করতে হবে। | ঐ |
| ৩(চ) | বৈজ্ঞানিক যন্ত্রপাতি সংক্রান্ত তথ্য: প্রতিষ্ঠানটিতে দাখিল স্তরে বিজ্ঞান বিভাগ চালু আছে। বিজ্ঞান বিভাগে পর্যাপ্ত পরিমাণ বৈজ্ঞানিক যন্ত্রপাতি ও রাসায়নিক দ্রব্যাদি ক্রয়/সংগ্রহ করতে হবে। | নির্দেশনা বাস্তবায়ন করে পুনরায় বিএসআর প্রেরণের জন্য অনুরোধ করা হলো। |
| ৩(ছ) | সহপাঠ কার্যক্রম: পরিস্কার পরিছন্নতা অভিযান, বৃক্ষরোপন, সামাজিক উন্নয়ন/সচেতনতা বৃদ্ধি, কুইজ, বিতর্ক, ক্রীড়াম্যাগাজিন, দেয়ালিকা প্রকাশ, জাতীয় দিবসসমূহ যথাযথ মর্যাদায় পালন করাসহ সহপাঠ কার্যক্রম আরো গতিশীল করে তথ্য সংরক্ষণ করতে হবে। | নির্দেশনা বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো। |

চলমান পাতা-০৩

| বিএসআর ক্রমিক নং | ব্রডশিট জবাবের আলোকে উক্ত বিষয়ে টিএমইডি'র নির্দেশনা/মন্তব্য | মন্তব্য |
|---|---|---|
| ৪. | আর্থিক মন্তব্য ও সুপারিশ: আয়-ব্যয় সংক্রান্ত তথ্য ও মন্তব্য: প্রতিষ্ঠানে আয়-ব্যয় হিসাব পরিচালনার ক্ষেত্রে নিম্নে উল্লেখিত বিষয়গুলো অনুসরণ করতে হবে: (১) শিক্ষকদের সমন্বয়ে ক্রয় কমিটি গঠন করে যাবতীয় মালামাল কমিটির মাধ্যমে ক্রয় করতে হবে এবং ক্রয়কৃত মালামাল স্টক রেজিস্টারে এন্ট্রি করতে হবে। পর্যায়ক্রমে সকল শিক্ষককে ক্রয় কমিটিতে অন্তর্ভুক্ত করতে হবে। (২) প্রতিষ্ঠানের সকল আয় ব্যাংকে নিয়মিত জমা করতে হবে এবং প্রয়োজনে ব্যাংক হতে উত্তোলন করে ব্যয় করতে হবে। (৩) সকল ব্যয় ভাউচার ক্রমিক নম্বর অনুযায়ী বছরওয়ারী গার্ড ফাইলে সংরক্ষণ করতে হবে। (৪) প্রতি তিন মাস অন্তর অভ্যন্তরীণ নিরীক্ষা করা হয় না। শিক্ষকদের সমন্বয়ে ০৩ সদস্য বিশিষ্ট অভ্যন্তরীণ নিরীক্ষা করতে হবে। নিরীক্ষা প্রতিবেদন কমিটির সভায় পেশ করতে হবে। পর্যায়ক্রমে সকল শিক্ষককে অভ্যন্তরীণ নিরীক্ষা কমিটিতে অন্তর্ভুক্ত করতে হবে। (৫) প্রতিষ্ঠানের সম্ভাব্য আয়-ব্যয়ের উপর ভিত্তি করে বার্ষিক বাজেট প্রণয়ন করতে হবে। বাজেট কমিটির সভায় অনুমোদন পূর্বক ব্যয় নির্বাহ করতে হবে। | নির্দেশনা বাস্তবায়ন করে পুনরায় বিএসআর প্রেরণের জন্য অনুরোধ করা হলো। |
| ৫(ক) | অন্যান্য: বিগত পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন সংক্রান্ত তথ্য ও মন্তব্য:<br>বিগত পরিদর্শন প্রতিবেদনের মন্তব্য/সুপারিশ ১৬(ক) সমুদয় জমি খারিজ করার সুপারিশ অবাস্তবায়িত। অবাস্তবায়িত সুপারিশ অবিলম্বে বাস্তবায়ন করে প্রমাণ টিএমইডিতে প্রেরণের জন্য সুপারকে নির্দেশনা প্রদান করা হলো। | ঐ |
| ৫(গ) | অনুপস্থিত শিক্ষার্থী সংক্রান্ত তথ্য ও মন্তব্য:<br>বিগত ০১ (এক) বছরে যুক্তিসঙ্গত কারণ ছাড়া অনুপস্থিত শিক্ষার্থী অত্র প্রতিষ্ঠানের শিক্ষার্থী হাজিরা খাতা যাচাই করা পাওয়া যায়নি। প্রতিষ্ঠান প্রধান জানান যে, তাঁর প্রতিষ্ঠানে যুক্তিসঙ্গত কারণ ছাড়া কোন শিক্ষার্থী ১০ দিনের বেশি অনুপস্থিত নাই। ভবিষ্যতে যদি যুক্তিসঙ্গত কারণ ছাড়া ১০ দিনের বেশী অনুপস্থিত শিক্ষার্থী পাওয়া যায় তবে অনুপস্থিত শিক্ষার্থীদের অনুপস্থিতির কারণ সন্দেহজনক বলে প্রতীয়মান হলে লিখিতভাবে উক্ত শিক্ষার্থীদের তথ্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার/জেলা শিক্ষা অফিসারকে অবহিত করতে হবে। | নির্দেশনা বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো। |

০২. বর্ণিতাবস্থায়, উপরিউক্ত প্রতিষ্ঠান পরিচালনা সংক্রান্ত যাবতীয় একাডেমিক ও আর্থিক বিধি-বিধান সংক্রান্ত নির্দেশনাসমূহ মাদ্রাসা কর্তৃপক্ষ কর্তৃক যথাযথভাবে বাস্তবায়ন/প্রতিপালন করে প্রমাণকসহ BSR আগামী ২৫ আগস্ট, ২০২২ খ্রি. তারিখের মধ্যে টিএমইডিতে (মাদ্রাসা অধিদপ্তরের মাধ্যমে) প্রেরণের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানকে নির্দেশনা প্রদানের জন্য মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো; এবং

০৩. একই সাথে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রদত্ত ব্রডশীটের ও ডিআইএ'র পরিদর্শন প্রতিবেদনের অন্যান্য ক্রমিকে বর্ণিত প্রতিবেদনের বিষয়ে কোন আপত্তি না থাকায় এবং ডিজি, ডিএমই কর্তৃক আপত্তিসমূহ নিষ্পত্তির সুপারিশ ও প্রমাণক থাকায় আপত্তিসমূহ নিষ্পত্তি করা হলো।

29/7/2022

(কাজী আলী রেজা)
সহকারী সচিব (অডিট)
ফোন: ০২- ৯৫৭৫২৭২
ই-মেইল: tmedaudit21@gmail.com

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
গাইড হাউজ (৭ম ও ১০ম তলা) নিউ বেইলী রোড
ঢাকা-১০০০।

**অনুলিপি:** (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো):

০১. সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
০২. সিষ্টেম এনালিষ্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
০৩. পরিচালক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ১৬ আঃ গণি রোড, ঢাকা-১০০০।
০৪. অতিরিক্ত সচিব (অডিট ও আইন) -এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৫. উপসচিব (অডিট ও আইন) -এর ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
০৬. সুপার/ব্যবস্থাপনা কমিটি, আহমাদু জুবায়দা ইসলামিয়া দাখিল মাদ্রাসা, হোসেনপুর, কিশোরগঞ্জ।
০৭. অফিস কপি।